

স্মারক নং-৪৩.২৬.৫০০০.০০১.০৮.০০১.১৭.৭১০

তারিখ : ২৬/০১/২০১৯খ্রিঃ

বিষয় : শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৯ উপলক্ষে রচনা ও হাতের সুন্দর লেখা প্রতিযোগিতা।

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৯ উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন রাজশাহী, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারে রচনা ও হাতের সুন্দর লেখা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতায় রাজশাহী মহানগর ও জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রী ও সর্বসাধারণ অংশগ্রহণ করতে পারবেন। আপনার অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদেরকে এ প্রতিযোগিতায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা গেল।

ক) রচনা প্রতিযোগিতার বিষয়:

ক্র. নং	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দ সংখ্যা	রচনা জমার শেষ তারিখ
১	গ্রুপ - 'ক'	পঞ্চম-অষ্টম	অমর একুশে	১০০০ শব্দের মধ্যে	২০/০২/২০১৯খ্রিঃ বিকাল ৬.০০ টায়
২	গ্রুপ - 'খ'	নবম-দ্বাদশ	মাতৃভাষায় বিজ্ঞান চর্চা	১২০০ শব্দের মধ্যে	
৩	গ্রুপ - 'গ'	স্নাতক-স্নাতকোত্তর	জাতি গঠনে মাতৃভাষার গুরুত্ব	১৫০০ শব্দের মধ্যে	
৪	গ্রুপ - 'ঘ'	সর্বসাধারণ	শিশুর মানসিক বিকাশে মাতৃভাষা	১৮০০ শব্দের মধ্যে	

খ) হাতের সুন্দর লেখা প্রতিযোগিতা :

- ১। গ্রুপ - ক : তৃতীয়-পঞ্চম শ্রেণি
- ২। গ্রুপ - খ : ষষ্ঠ-অষ্টম শ্রেণি
- ৩। গ্রুপ - গ : নবম -দশম শ্রেণি

রচনা ও হাতের সুন্দর লেখা প্রতিযোগিতা বিষয়ে **জ্ঞাতব্য:** রচনা প্রতিযোগিতা রাজশাহী মহানগর ও রাজশাহী জেলার প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা রাজশাহী বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে। হাতের সুন্দর লেখা প্রতিযোগিতা ২০/০২/২০১৯খ্রিঃ তারিখ বেলা ৩.০০ টায় বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহীতে অনুষ্ঠিত হবে।

শর্তাবলী :

- ১। A4 সাইজ সাদা কাগজে প্রতি পাতার এক পিঠে রচনা স্বহস্তে লিখতে হবে। "ক", "খ" ও "গ" গ্রুপের প্রতিযোগীদের শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে এবং রচনার সাথে আলাদাভাবে, পিতার নাম, মাতার নাম ও ফোন নম্বরসহ পূর্ণ ঠিকানা সংযুক্ত করতে হবে।
- ২। "ঘ" গ্রুপের প্রতিযোগীকে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি অথবা ১ম শ্রেণির কর্মকর্তার প্রত্যয়নসহ তাঁর পিতার ও মাতার নাম, ফোন নম্বরসহ পূর্ণ ঠিকানা সংযুক্ত করতে হবে।
- ৩। যথাসময়ে বিজয়ীদের মধ্যে পুরস্কার ও সনদ বিতরণ করা হবে।
- ৪। রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।
- ৫। হাতের সুন্দর লেখায় প্রতিযোগী বর্তমানে কোন শ্রেণিতে পাঠরত তা প্রমাণ হিসেবে শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়ন বা পরিচয় পত্রের ফটোকপি জমা দিতে হবে।
- ৬। হাতের সুন্দর লেখা প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিযোগীদের কাগজ ব্যতীত অন্য কোন উপকরণ সরবরাহ করা হবে না।

প্রতি : অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রতিষ্ঠান প্রধান

-(সকল) রাজশাহী মহানগর ও রাজশাহী জেলা।

স্মারক নং-৪৩.২৬.৫০০০.০০১.০৮.০০১.১৭.৭১০/১(১৫০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। বিভাগীয় কমিশনার, রাজশাহী।
- ২। জেলা প্রশাসক, রাজশাহী।
- ৩। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী (আপনার অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠান থেকে উল্লিখিত প্রতিযোগিতায় অংশ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী (আপনার অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠান থেকে উল্লিখিত প্রতিযোগিতায় অংশ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অফিস কপি।

স্বাক্ষর

(মো: আবু সাইদ)

প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক  
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী।

তারিখ : ২৬/০১/২০১৯খ্রিঃ

প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক

ফোন : ৭৭২৬০৪